

মোবাইল দিয়েই চালান আপনার কম্পিউটার। চমকে দিন সবাইকে।


টিউন করেছেন : Sk Faisal | প্রকাশিত হয়েছে : ১৭ ফেব্রুয়ারি, ২০১১ | 3,660 বার দেখা হয়েছে | ❤️ 70

অবশেষে বিদায় নিল শীত। ঋতুরাজ বসন্ত এখন মহাসমরহে রাজত্ব করছে। সেইসাথে দরজায় কড়া নাড়ছে বিশ্বকাপ। আমরা অধীর আগ্রহে অপেক্ষা করছি কখন শুরু হবে খেলা। এই যাওয়া আসা অপেক্ষার মধ্যেই আশা করি সবাই ভালো এবং সুস্থ আছেন।

আমি আজকে একটি সফটওয়্যার নিয়ে লিখব যেটা দিয়ে আপনার যে কোন Bluetooth+Java সাপোর্টেড সেট দিয়ে আপনার কম্পিউটারটিতে গান চালাতে পারবেন, ফাইল ব্রাউজ করতে পারবেন, সাটডাউন/রিষ্টার্ট করতে পারবেন এমনকি পুরো ডেস্কটপটাই হুবহু আপনার মোবাইলের স্ক্রীনে দেখতে পাবেন। সেইসাথে আপনার সেটের জয়স্টিক/নেভিগেশন কি দিয়ে মাউস পয়েন্টার পরিচালনা+ক্লিক করতে পারবেন। এক কথায় আপনি যদি এই সফটওয়্যারটি সম্পর্কে না জেনে থাকেন তবে এটা আপনার জন্য একটি মহা চমক।


আমি এটা অনেকদিন ধরেই ব্যবহার করছি। ছোটখাট কাজ যেমন লোডশেডিংএর সময় ইউপিএসে CRT মনিটর চালু হবেনা। আমি শুধু সিপিইউ ও প্রিন্টার চালু করেই ছোটখাট প্রিন্ট এর কাজ সারতে পারি। আবার এটার অপব্যবহারও আছে। একজন আমার পিসিতে গান শুনছে। আমি বাইরে বসে আমার কাজ (!!!) করছি। সে বলছে ভাইয়া তোমার কম্পিউটার এরকম করছে ক্যান? আমি বললাম ভুতে 😊 ধরেছে।

চলুন প্রথমেই সফটওয়্যারটি ডাউনলোড করি। ডাউনলোড করতে..... ও হাঁ তার আগে আপনি দৌড়ে মার্কেটে যান। ১৩০-২০০ টাকার মধ্যে একটি Bluetooth ডিভাইস কিনে আনেন। কম্পিউটার অথবা মোবাইলের দোকানেই পাবেন। যদি আপনার আগে থেকেই থাকে তবে কোন সমস্যা নাই। আপনার নিজস্ব কিছু কাজ সেরে নিন যেমন Bluetooth ডিভাইসটির ড্রাইভার+অ্যাপ্লিকেশন ইনস্টল, সেট কানেক্ট করা ইত্যাদি। <http://www.mediafire.com/?zeyyqzonnt#2> ডাউনলোড করুন। ইনস্টল করুন। সেটাপ হবার পর টাস্কবারের কোনায় এরকম চিহ্ন দেখতে পাবেন।



সেখানে ক্লিক করে Install Phone Client এ ক্লিক করুন। যে জাভা সফটওয়্যার দুটি দেখাবে এর একটিকে আপনার মোবাইলে ইনস্টল করুন।

এবার মোবাইলে সফটওয়্যারটি চালু করুন। তারপর Search এ ক্লিক করে কানেক্ট করুন। কানেক্ট হলে আপনি নিচের অপশনগুলো দেখতে পাবেন।



এবার বেছে নিন আপনি কোনটা চান আর সেটা ব্যবহার করুন। এর মধ্যে Mouse Controllar সিলেক্ট করলে আপনি আপনার ডেস্কটপটিকেই মোবাইলের মনিটরে দেখতে পাবেন। অ্যারো কি/জয়স্টিক দিয়ে মাউস অপারেট করুন। ল্যান্ডস্কেপ করতে চাইলে # বাটন চাপুন। এবার মনিটরটি বন্ধ করে সবাইকে চমকে দিন। কারন আপনার মোবাইলটাই যে কম্পিউটার হয়ে গেছে!!

***সফটওয়্যারটি চালানোর সময় .net fremwork চাইতে পারে। যদি চায় তবে এখান থেকে ডাউনলোড করে সেটাপ দিয়ে নিন